# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**07-05-2026** **Time: 1.40 PM**

বিশেষ বিশেষ খবর –

১) উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে দুষ্কৃতিদের গুলিতে বিদায়ী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক খুনের ঘটনায় এখনও পর্যন্ত ৩ জনকে আটক করেছে পুলিশ। ঘটনার তদন্তে গঠিত হয়েছে এস আই টি।

২) বিধানসভা নির্বাচনে ফল প্রকাশের পর পাঁচ রাজ্যে জারি থাকা আদর্শ নির্বাচনী আচরণবিধি প্রত্যাহার করা হয়েছে।

এদিকে, রাজ্যে সরকার গঠনের প্রস্তুতি চলেছে জোরকদমে।

৩) সিঙ্গুরের জমিতে কারখানা না হওয়ায় ক্ষতিপূরণ বাবদ রাজ্যকে, টাটাদের ৭-শো ৬৫ কোটি টাকারও বেশি মিটিয়ে দেওয়ার নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৪) চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হবে।

৫) ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড়বৃষ্টির পূর্বাভাষ।

oooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার মধ্যমগ্রামে দুষ্কৃতিদের গুলিতে বিদায়ী বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক খুনের ঘটনায় এখনও পর্যন্ত ৩ জনকে আটক করেছে পুলিশ। এই হত্যাকান্ডে ভুয়ো নম্বর প্লেট যুক্ত মোটরবাইক ব্যবহার করা হয়েছিল বলে তদন্তে উঠে এসেছে। পাশাপাশি দুষ্কৃতীরা কিছুটা দূর থেকেই তাঁর স্করপিও গাড়িটিকে অনুসরণ করে বলেও CCTV ফুটেজ থেকে জানা গেছে।

এদিকে, গতরাতেই ফরেন্সিক দল ঘটনাস্থলে গিয়ে নমুনা সংগ্রহ করে। হত্যার তদন্তে বিশেষ তদন্তকারী দল-SIT গঠন করা হয়েছে। এতে পুলিশের পাশাপাশি CID আধিকারিকরাও রয়েছেন। CID-র একটি দল সেখানে গেছে বলে খবর।

চন্দ্রনাথ রথের দেহ আজ ময়না তদন্তের জন্য বারাসাত হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে।

গতরাতে বিধানসভায় কাজ সেরে গাড়ি করে মধ্যমগ্রামে বাড়ি ফেরার পথে, দোহারিয়া এলাকায় দুষ্কৃতীদের গুলিতে প্রাণ হারান শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক। আশঙ্কাজনক অবস্থায় তাঁর গাড়ির চালক বুদ্ধদেব বেরা, হাসপাতলে চিকিৎসাধীন।

রাতেই হাসপাতালে ছুটে যান শুভেন্দু অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, দলের নেতা অর্জুন সিং, রুদ্রনীল ঘোষ, অগ্নিমিত্রা পাল প্রমুখ। বিজেপি কর্মীরা, দোষীদের শাস্তির দাবীতে হাসপাতাল চত্বরে বিক্ষোভ দেখান। পরিস্থিতি সামাল দিতে এলাকায় নামানো হয় কেন্দ্রীয় বাহিনী ও র‍্যাফ।

oooooooooooooooooooooo

**বিজেপি** এই ঘটনায় তৃণমূল কংগ্রেসকেই দায়ী করেছে। দলের রাজ্য সভাপতি **শমীক ভট্টাচার্য** বলেন, চন্দ্রনাথ রথ একজন অরাজনৈতিক ব্যক্তি ছিলেন। কিন্তু তাঁকেও রাজনৈতিক হিংসার বলী হতে হল।

**( বাইট- শমীক )**

পরিকল্পনামাফিক, ঠান্ডা মাথায় এই খুন করা হয়েছে বলে **শুভেন্দু অধিকারী** দাবী করেছেন। সাংবাদিকদের তিনি বলেন, পুলিশের তদন্তের ওপর আস্থা রাখছেন তারা। এই পরিস্থিতিতে শান্ত থাকতে এবং আইন নিজেদের হাতে তুলে না নেবার জন্য দলীয় কর্মী ও সমর্থকদের প্রতি আবেদন জানান তিনি।

**( বাইট- শুভেন্দু/ মধ্যমগ্রাম )**

**তৃণমূল কংগ্রেস**, ঘটনার তীব্র নিন্দা করেছে। সামাজিক মাধ্যমে এক পোস্টে আদালতের নজরদারিতে CBI তদন্তে দাবী জানিয়েছে তারা।

নির্বাচনের ফল প্রকাশের পর থেকে, যে হিংসা এবং অরাজক পরিস্থিতি তৈরী হয়েছে, তা' অনভিপ্রেত বলে মন্তব্য করেছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি **শুভঙ্কর সরকার ।**

CPIM-এর রাজ্য সম্পাদক **মহম্মদ সেলিম**, ঘটনার পূর্ণাঙ্গ তদন্তের দাবী জানিয়ে বলেছেন, অশান্তি রুখতে পুলিশ প্রশাসনের কড়া পদক্ষেপ নেওয়া প্রয়োজন।

**( বাইট- সেলিম)**

চন্দ্রনাথের পূর্ব মেদিনীপুরের বাড়ির পরিবেশ থমথমে। তাঁর **মা হাসিরানী রথ,** দোষীদের যাবজ্জীবন কারাদন্ডের দাবী জানিয়েছেন। শাসক দলের নানা উস্কানিমূলক মন্তব্যের জেরেই তাঁর ছেলেকে অকালে প্রাণ দিতে হল বলে সংবাদমাধ্যমের কাছে জানিয়েছেন তিনি।

oooooooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগণার বসিরহাটে বিজেপি কর্মীর গুলিবিদ্ধ হওয়ার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বসিরহাট দক্ষিণ বিধানসভার গোডাউন পাড়া এলাকায় গতরাতে রোহিত রায় নামে ওই কর্মীকে লক্ষ্য করে দুষ্কৃতীরা গুলি চালায় বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় তাঁকে প্রথমে বসিরহাট জেলা হাসপাতাল এবং পরে কলকাতায় স্থানান্তরিত করা হয়। এই হামলার জন্য তৃণমূল কংগ্রেসকেই দায়ী করেছে বিজেপি।

oooooooooooooooooooooooo

দক্ষিণ ২৪ পরগনার ক্যানিং-এর গোলাবাড়ি এলাকায় বিজেপি কর্মী সমর্থকদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুষ্কৃতিদের বিরুদ্ধে। গতরাতে বিজেপি কর্মীদের বাড়ি লক্ষ্য করে পাথর ও বোমা ছোঁড়া হয় বলে অভিযোগ। বোমার আঘাতে বেশ কয়েকজন আহত হয়েছেন। তাদের ক্যানিং হাসপাতালে ভর্তি করা হয়েছে। যদিও তৃণমূল কংগ্রেস এই অভিয়োগ অস্বীকার করেছে।

oooooooooooooooooooooooo

ঝাড়গ্রামের গোপীবল্লভপুরে, দখল করে নেওয়া তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়, ফিরিয়ে দিয়েছেন স্থানীয় বিজেপি নেতারা। গতকাল রাতে গোপীবল্লভপুর বাজারের হাতিবাড়ি মোড়ে কয়েকজন দুষ্কৃতী, তৃণমূল কংগ্রেসের দলীয় কার্যালয়ের সামনে বিজেপির পতাকা লাগিয়ে দেয়। এরপরই স্থানীয় নেতার সেখানে গিয়ে পতাকা খুলে নিয়ে সেটি ফিরিয়ে দেন।

অন্যদিকে, জামবনী ব্লকের পরীহাটিতেও, তৃণমূল কংগ্রেসের কার্যালয় থেকে দলীয় পতাকা খুলে দেন বিজেপি নেতৃবৃন্দ।

oooooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর পশ্চিমবঙ্গ সহ পাঁচ রাজ্যে দুমাস ধরে জারি থাকা নির্বাচনী আদর্শ আচরণবিধি প্রত্যাহার করে নেওয়া হয়েছে। নির্বাচন কমিশনের তরফে জারি করা বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, পশ্চিমবঙ্গ-সহ পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচন এবং বিভিন্ন রাজ্যের উপনির্বাচনের ফল ঘোষণা সম্পূর্ণ হওয়ায় অবিলম্বে আদর্শ আচরণবিধি প্রত্যাহার করা হচ্ছে। তবে পশ্চিমবঙ্গের ফলতা বিধানসভা কেন্দ্রের ১৪৪ নম্বর আসনে পুনর্ভোটের নির্দেশ থাকায় সেখানে আপাতত আচরণবিধি বহাল থাকবে।

oooooooooooooooooooooo

বিধানসভা নির্বাচন মিটতেই রাজ্যে সরকার গঠনের তোড়জোড় শুরু হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী তথা অন্যতম বরিষ্ঠ বিজেপি নেতা অমিত শাহ্ আগামীকাল রাজ্যে আসছেন। ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে আগামী ৯ তারিখ শপথ নেবেন নতুন সরকার। একটি প্রতিবেদন।

(ভয়েসকাস্ট – অভিরূপ)

এদিকে শপথগ্রহণ অনুষ্ঠানকে কেন্দ্র করে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করছে পুলিশ। প্রায় ৪ হাজার পুলিশ কর্মী ওই দিন মোতায়েন থাকবে। থাকবে কেন্দ্রীয় বাহিনী এবং কুইক রেসপন্স টিম । এলাকার বিভিন্ন বহুতল থেকেও নজরদারি চালানো হবে।

oooooooooooooooooooooo

সিঙ্গুরের জমিতে কারখানা না হওয়ায়, ক্ষতিপূরণ বাবদ টাটাদের ৭৬৫ কোটি টাকার’ও বেশী মিটিয়ে দেওয়ার নির্দেশের ওপর স্থগিতাদেশ দিয়েছে, কলকাতা হাইকোর্ট। আট সপ্তাহের জন্য এই নির্দেশ দিয়েছেন বিচারপতি অনিরুদ্ধ রায়। যদিও এই সময়ের মধ্যে রাজ্যকে ব্যাঙ্ক গ্যারান্টি জমা দিতে হবে।

উল্লেখ্য, ২০২৩ সালের অক্টোবরে তিন প্রাক্তন বিচারপতির সালিশি কমিটি, সিঙ্গুরে কারখানা গড়তে না পারার জন্য রাজ্য সরকারকে ৭৬৫ দশমিক ৭/৮ কোটি টাকা ক্ষতিপূরণ বাবদ টাটাদের মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। এর বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস সরকার হাইকোর্টে আবেদন জানায়। দীর্ঘদিন শুনানি চলার পর হাইকোর্ট রায়দান স্থগিত রেখেছিল।

ooooooooooooooooooo

চলতি বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হবে। সকাল সাড়ে নটায় সাংবাদিক বৈঠক করে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়। পর্ষদের তরফে জানানো হয়েছে, দশটা পনেরো থেকে ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পারবে পরীক্ষার্থীরা। www.wbbsedata.com, www.wbbse.wb.gov.in, www.iResults.in, ওয়েবসাইটগুলিতে রেজাল্ট দেখা যাবে।

এবার পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিকের ফল। দোসরা থেকে ১২ ই ফেব্রুয়ারি পর্যন্ত পরীক্ষা চলে। ৯ লক্ষ ৭১ হাজারের বেশি ছাত্রছাত্রী পরীক্ষায় বসেছিল।

oooooooooooooooooooooo

দার্জিলিং-এ যেতে এখন থেকে পর্যটকদের রোহিনীতে টোল ট্যাক্স দিতে হবে না। রাজ্যে রাজনৈতিক পালাবদলের আবহে ফুলবাড়ির পর আজ রোহিনী টোল প্লাজাও বন্ধ করে দেওয়া হয়েছে।

উল্লেখ্য, জিটিএ-র তরফে এই টোল প্লাজা চালু করা হয়েছিল। এর বিরুদ্ধে বেশ কয়েকদিন ধরেই বিক্ষোভ দেখাচ্ছিলেন জি এন এল এফ কর্মী সমর্থকরা।

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গে আগামী ৩০ শে সেপ্টেম্বর থেকে মদ বিক্রি নিষিদ্ধ করা হবে বলে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ-র বক্তব্য সম্বলিত যে ছবি সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়েছে তা ভুয়ো বলে জানিয়েছে কেন্দ্রীয় সরকার। প্রেস ইনফরমেশন ব্যুরোর ফ্যাক্ট চেক ইউনিট জানিয়েছে, এই ছবিটি ডিজিটালি এডিট করা হয়েছে। স্বরাষ্ট্র মন্ত্রী এ ধরণের কোনও ঘোষণা করেননি বলে জানানো হয়েছে।

oooooooooooooooooooo

ঘূর্ণাবর্তের প্রভাবে দক্ষিণবঙ্গে আগামী সোমবার পর্যন্ত বিক্ষিপ্তভাবে ঝড় বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

তবে উত্তরবঙ্গে ধীরে ধীরে বৃষ্টির পরিমাণ কমবে। মালদা, উত্তর ও দক্ষিণ দিনাজপুরের কিছু অংশে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড় বৃষ্টির সম্ভাবনা।

অন্যদিকে, হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলা এবং পুরুলিয়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, পশ্চিম বর্ধমান, হুগলী এবং হাওড়ায় আজ ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যাওয়ার পূর্বাভাস দেওয়া হয়েছে।

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা প্রায় দু ডিগ্রি কম।

oooooooooooooooooooo

ooooooooooooooooooooo